অ্যাসোসিয়েশন সংবাদ-২০২১
ASSOCIATION SAMBAD
March - 2021 *Volume 20 No.9*
Price Rupee One

RNI NO - DELBEN/2001/2869
POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20
Total pages 8
Posted on 8th & 9th March, 2021 from New Delhi PSO
Date of Publishing 6th March, 2021

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

বেঙ্গল
অ্যাসোসিয়েশন,
দিল্লী
আয়োজিত

চতুর্দশ
বাংলা
সিনে উৎসব

১৯, ২০, ২১শে মার্চ
২০২১

স্থান
মুক্তধারা
বঙ্গ সংস্কৃতি ভবন
১৮-১৯ ভাই বীরসিং মার্গ
নিউ দিল্লী-১১০০০১

সম্পাদকের ডেস্ক থেকে

বাংলায় যখন চলচ্চিত্র শিল্পমাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত হয়নি, তখন চলচ্চিত্রকারেরা যে এই মাধ্যমটির সঙ্গে অন্যান্য শিল্পমাধ্যম যেমন চিত্রকলা ও উপন্যাসকে জড়িয়ে তুলনামূলক পরিপ্রেক্ষিতটি খুঁজে পেতে চাইতেন তাঁর মূল কারণ চলচ্চিত্রকে শিল্পের আঙিনায় প্রতিষ্ঠা করার তাগিদ।

সাহিত্য থেকে চলচ্চিত্র উপাদান সংগ্রহ করলেও চলচ্চিত্রের রয়েছে আলাদা স্বতন্ত্রতা। কারণ চলচ্চিত্র সেই কাহিনীকে আপন মনের মাধুরি মিশিয়ে নতুনভাবে রচনা করে। দেবকীকুমার বসু, প্রমথেশ বড়ুয়া, বিমল রায় থেকে শুরু করে সত্যজিত রায়, ঋত্বিক ঘটক, মৃণাল সেন, অজয় কর, তরুণ মজুমদার অরবিন্দ মুখোপাধ্যায়, ঋতুপর্ণ ঘোষ, বুদ্ধদেব দাসগুপ্ত, কমলেশ্বর মুখার্জি সহ বর্তমান চলচ্চিত্র নির্দেশকদের প্রত্যেকের সফল চলচ্চিত্রে সাহিত্য নির্ভরতা বিদ্যমান।

এই সাহিত্য নির্ভরতা বাংলা চলচ্চিত্রকে শুধু সমৃদ্ধই করেনি, বাণিজ্য সফলতার সঙ্গে এনে দিয়েছে আন্তর্জাতিক স্বীকৃতি-সম্মানও। কারণ সাহিত্যকে কেন্দ্র করে গড়ে উঠলেও এতে শিল্পমূল্য পুরোমাত্রায় বিদ্যমান। সত্যজিৎ রায়ের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন 'পথের পাঁচালি' চলচ্চিত্রটি আসলে বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের 'পথের পাঁচালি' উপন্যাস অবলম্বনে তৈরি।

আবার সাহিত্যনির্ভরতা ছাড়াও যে চলচ্চিত্রের শিল্পগুণ একটুও কমে না তা আমরা 'কাঞ্চনজঙ্ঘা' সিনেমাটির দিকে দৃষ্টিপাত করলেই দেখতে পাই। সাহিত্য ছাড়াই এটি একটি সফল সিনেমা। তাই যারা সাহিত্য ছাড়া চলচ্চিত্র নির্মাণ করেন তারাও ভিতরে ভিতরে সাহিত্যিকই বটে।

বলা যায়, সাহিত্য ও সিনেমা দুটিই শক্তিশালী মাধ্যম এবং পরস্পরে অঙ্গাঙ্গীভাবে জড়িত। সাহিত্যের ব্যপ্তি বহুদূর বিস্তৃত এবং সিনেমাও বৃহৎ অংশকে খুব সহজেই প্রভাবিত করতে পারে। সেই দৃষ্টিভঙ্গির প্রসারতার জন্যই বহির্বঙ্গে আমাদের প্রয়াস বাংলা চলচ্চিত্রশিল্পের সার্বিক প্রচার।

আমরা বিগত তের বছর ধরে দিল্লীতে এই সিনে উৎসবের আয়োজন করে আসছি। ২০২০ সালের অতিমারী আমাদের কিছুটা দমিয়ে দিলেও আমরা আবার এক সুস্থ স্বাভাবিক সাংস্কৃতিক পরিবেশ আপনাদের ফিরিয়ে দিতে অঙ্গীকারবদ্ধ। সেই সঙ্কল্পে বেঙ্গল অ্যাসোসিয়েশনের চতুর্দশ সিনে উৎসবের আয়োজনে আবার আমরা একত্রে সঙঘবদ্ধ হয়ে কাজ করবো এই আশা রাখি।

অ্যাসোসিয়েশন সংবাদ

অতিমারীর ভয়ংকর দিনগুলিকে ফেলে এসে মানুষ আবার স্বাভাবিক ছন্দে ফিরে আসছে। তাই বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আগামী ১৯, ২০, ২১শে মার্চ চতুর্দশ সিনে উৎসবের আয়োজন করা হয়েছে। সরকারের নিয়মবিধি যথাবিহিত মেনে হল স্যানিটাইজ কর ার সুব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ১৯শে মার্চ সকাল এগারোটা থেকে শুরু হয়ে যাবে চতুর্দশ বাংলা সিনে উৎসব।

এবারের বিষয় 'শতবর্ষে সত্যজিৎ স্মরণে সৌমিত্র'। থাকছে বেশকিছু ভালো সিনেমা, দুটি তথ্যচিত্র, এক ঝাঁক তরুণ প্রজন্মের তৈরী স্বল্পদৈর্ঘের ছবি, যশস্বী পরিচালকদের আলাপ আলোচনা এবং অবশ্যই আপনাদের সবার প্রিয় অভিনেতা ও অভিনেত্রীদের সমাগম। চলচ্চিত্র বিশ্বভূবনের দুয়ার খুলে একদিন মুক্ত করে দিয়েছিল মনের যত অর্গল। নির্বাক থেকে সবাক ছবি কবে যেন একটা গোটা জাতি ও সত্বার আত্মপরিচয় হয়ে উঠল।

করোনা পরিস্থিতি বদলে দিয়েছে গোটা মানবসমাজের চালচ্চিত্র। তবু বদলাতে পারেনি মানুষের অন্তর্লোক। যেখানে এখনও শিল্প, সাহিত্য, সংস্কৃতি প্রতিবারই খুলে দিচ্ছে মানবমনের সমস্ত বন্ধ দ্বার।

বাংলা ভাষা ও সংস্কৃতির প্রচার প্রসার উপলক্ষে বেঙ্গল অ্যাসোসিয়েশন এই মহামারীর মধ্যেও তাদের প্রচেষ্টা জারি রেখেছে। আর এই প্রচেষ্টারই অংশ এবার বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত চতুর্দশ 'বাংলা সিনে উৎসব' আয়োজিত হতে চলেছে রাজধানী দিল্লীর বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে।

অনুষ্ঠানে উপস্থিত থাকবেন শ্রদ্ধেয় স্বনামধন্য নাট্যকার ও অভিনেতা শ্রী ব্রাত্য বসু, বাঙালির অত্যন্ত প্রিয় অভিনেতা শ্রী আবীর চট্টোপাধ্যায় ও অভিনেত্রী নুসরত জাহান।

এক ঝাঁক নতুন পরিচালক দ্বারা নির্মিত ছায়াছবি প্রদর্শন প্রতিবারের মতো এবারও এই উৎসবের মুখ্য আয়োজন। অ্যাসোসিয়েশনের অন্যতম সদস্য অঞ্জন কাঞ্জিলাল পরিচালিত, শ্রীমতি সুমনা কাঞ্জিলালের প্রযোজনায় নতুন ছায়াছবি 'সহবাসে' প্রদর্শন এই সিনে উৎসবের এক অন্যতম আকর্ষণ। আমাদের শুভেচ্ছা ও অভিনন্দন।

সাহিত্য বার্তা

গত ১৩ই ফেব্রুয়ারি, ২০২১ মুক্তধারা সভাগৃহে বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত দিগঙ্গন সাহিত্য পত্রিকার পক্ষে একটি সাহিত্য সভার আয়োজন করা হয়েছিল। সভার

উপজীব্য বিষয় ছিল দিল্লীর বিশিষ্ট বর্ষীয়ান সাহিত্যিক মণিরত্ন মুখোপাধ্যায়ের নতুন বই 'অবরিগাদ্যো ব্রাজিল' এবং কবি শবরি রায়ের কবিতার বই 'চাবি'র আবরণ উন্মোচন অনুষ্ঠান। এছাড়া এদিন সন্ধ্যায় বেঙ্গল অ্যাসোসিয়েশন প্রকাশিত সাহিত্য পত্রিকা 'দিগঙ্গন' ও 'লকডাউন, নকডাউন' - একটি সঙ্কলন নিয়ে আলোচনায় ঋদ্ধ হন উপস্থিত দর্শকশ্রোতা এবং পাঠক। অনুষ্ঠানের সাফল্যে আমাদের শুভেচ্ছা।

সাহিত্য সম্মাননা

জ্ঞানপীঠ পুরস্কারপ্রাপ্ত ওড়িয়া কবি সীতাকান্ত মহাপাত্রর 'ভারতবর্ষ' কাব্যগ্রন্থ অনুবাদের জন্য অনুবাদ সাহিত্য অকাদেমি ২০১৯ পুরস্কার পেয়েছেন শ্রদ্ধেয় সাহিত্যিক তপন বন্দ্যোপাধ্যায়।

কথাসাহিত্যিক তপন বন্দ্যোপাধ্যায় সেই সত্তর দশক থেকে বাংলা সাহিত্যিকে উপহার দিয়ে চলেছেন অজস্র ছোটোগল্প, উপন্যাস। গত চার দশকে তাঁর সাহিত্য জীবনে কথা সাহিত্যের পাশাপাশি তিনি লিখেছেন অজস্র কবিতা ও ভ্রমণকাহিনী। অনুবাদ কবিতাও তাঁর সাহিত্যচর্চার অংশ।

বঙ্কিম পুরস্কার, অমৃতলোক পুরস্কার, চর্যাপদ সম্মাননা, দীনেশচন্দ্র স্মৃতি পুরস্কার সহ আরও অসংখ্য পুরস্কারে তিনি সম্মানিত হয়েছেন।

আগামী ১২ই মার্চ, শুক্রবার বিকেল পাঁচটায় মুক্তধারা অডিটোরিয়ামে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে তাঁর এই সাহিত্যকীর্তির প্রতি সম্মান জানিয়ে তাঁকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হবে। আমাদের অভিনন্দন।

বিশ্বনাট্যদিবস

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লী আগামী ৩রা ৪ঠা এপ্রিল ২০২১ আসন্ন বিশ্বনাট্য দিবস উপলক্ষে দুইদিন ব্যাপী নাট্যোৎসবের আয়োজন করেছে। আমাদের অভিনন্দন।

শোক সংবাদ

'সমুখে শান্তি পারাবার
ভাসাও তরণী হে কর্ণধার।'

গত ১৩ই ফেব্রুয়ারী, ২০২১ সন্ধ্যা সাতটায় দিল্লীর সাংস্কৃতিক জগতের ইন্দ্রপতন ঘটে গেলো। দিল্লীর আপামর রবীন্দ্রানুরাগী মানুষের প্রাণের প্রিয় শ্রদ্ধেয় মাষ্টারমশাই সুধীর চন্দ পরলোক গমন করলেন। সেই সঙ্গে শেষ হয়ে গেল একটি যুগ, একটি অধ্যায়।

১৯২৯ সালের ৬ই মার্চ অধুনা বাংলাদেশের চট্টগ্রামে জন্মগ্রহণ করেন তিনি। শৈশব কৈশোর কাটে চাঁদপুরে। পরবর্তী জীবনের শিক্ষা রবীন্দ্রনাথের শান্তিনিকেতনে। পড়া ও সঙ্গীত শিক্ষা একসঙ্গে চলতে থাকে। সঙ্গীত গুরু ছিলেন পরম শ্রদ্ধেয় শৈলজারঞ্জন মজুমদার। শন্তিনিকেতনের আশ্রমিক ভাবধারায় আজীবন আবিষ্ট ছিলেন তিনি। রাঙ্গামাটির পথ ধরে চলতে চলতে এক সময় পৌঁছেছিলেন দিল্লীর রুক্ষ কঠিন মাটিতে।

ছাত্রাবস্থায় একবার দিল্লীতে এলেও ১৯৬৯ এ দিল্লীতে আসার পর দীর্ঘকালের জন্য দিল্লীর বাসিন্দা হয়ে গিয়েছিলেন। মাত্র ত্রিশ বছর বয়স থেকে হয়ে উঠেছিলেন সকলের প্রিয় মাষ্টারমশাই। হয়ে উঠেছিলেন এক মহীরূহ। আজীবন অকৃতদার মানুষ দিল্লীতে করোলবাগ, শঙ্করমার্কেট হয়ে চিত্তরঞ্জন পার্কে স্থায়ী হন তিনি। গড়ে তোলেন দিল্লীর বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীতের শিক্ষাপ্রতিষ্ঠান ‘রবিগীতিকা’ যা পরবর্তী সময়ে হয়ে উঠেছিল এক অসামান্য সৃজনতীর্থ।

রচনা করে গেছেন ‘রবীন্দ্রসঙ্গীতঃ রাগ সুর নির্দেশিকা’, ‘রবীন্দ্রসুরের দিগন্ত’, ‘রবীন্দ্রসুরের নির্মাণ’ এবং ‘সাত ঘাটের জল’, ‘শান্তিনিকেতায়ন’, ‘রবীন্দ্রগীত পঞ্চশতি’ এবং ‘ডাকঘরের ছিন্নপত্র’। তাঁর ঐকান্তিক চেষ্টার ফসল রবীন্দ্রভবনে ২৫শে বৈশাখ উপলক্ষে রবীন্দ্র জয়ন্তী উদ্‌যাপন অনুষ্ঠান।

আপামর বাঙালি দিল্লীবাসী মানুষের সৌভাগ্য যে ওঁর মতো একজন দেবতুল্য মানুষ দিল্লীতে ছিলেন। শ্রদ্ধেয় মাষ্টারমশাই সুধীর চন্দের মহাপ্রয়াণে আমরা দুঃখ ভারাক্রান্ত। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওঁর আত্মার শান্তি কামনা করি। আমাদের বিশ্বাস কোন এক ইন্দ্রপুরীর সভায় ওঁর গানের আসনটি নিশ্চয়ই পাতা থাকবে।

শোক সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির সদস্যা শাশ্বতী গাঙ্গুলীর মাতা অপর্ণা মুখোপাধ্যায় গত ২০শে ফেব্রুয়ারী ২০২১ পরলোকগমন করেছেন। মৃত্যুকালে ওঁর বয়স হয়েছিল ৮০ বছর। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওঁর আত্মার শান্তি কামনা করি এবং ওঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি জানাই আন্তরিক সমবেদনা।

দিল্লীর সংবাদ

গত ২৮শে ফেব্রুয়ারী, ২০২১, পশ্চিমবিহার বেঙ্গলী অ্যাসোসিয়েশনের বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়ে গেল। এই নির্বাচনে বিজয়ী সুনন্দ রায় এবং তীর্থঙ্কর ভৌমিককে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

১৯/০৩/২০২১ (শুক্রবার)

১২টা	১টা	৩টা ৩০ মিঃ	সন্ধ্যা ৬টা	রাত্রি ৭টা ৩০ মিঃ
স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **অ্যালুমনি মিট** (সময় ঃ ১০ মিঃ) নির্দেশনা ঃ রণদীপ মুখার্জী পরিচালকের মুখোমুখি	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **ছবিয়াল** (সময় ঃ ১.৫৫ মিঃ) নির্জেশনা ঃ মানস বসু অভিনয়ে শাশ্বত চ্যাটার্জি শ্রাবন্তী চ্যাটার্জি পরিচালকের মুখোমুখি মানস বসু	তথ্যচিত্র **'স্মরণে সৌমিত্র'** পরিবেশনায় বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি একটি সাক্ষাতকার ঃ পৌলমী বসু	উদ্বোধনী অনুষ্ঠান **নৃত্যানুষ্ঠান** পরিবেশনায় - দর্পণী। পরিচালনা - অর্ণব বন্দ্যোপাধ্যায় উপস্থিত থাকবেন শ্রী আবির চ্যাটার্জি (চলচ্চিত্র শিল্পী এবং ব্র্যান্ড অ্যাম্বাসেডর, চতুর্দশ বাংলা সিনে উৎসব, ২০২১) চলচ্চিত্র শিল্পী নুসরত জাহান, ব্রাত্য বসু, পৌলমী বসু (সৌমিত্র চ্যাটার্জির কন্যা) ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। অনুষ্ঠান সঞ্চালনায় ঃ মধুমন্তি মৈত্র (স্বনামধন্যা সঞ্চালিকা)	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **ডিকশনারি** নির্দেশনা - ব্রাত্য বসু অভিনয়ে - আবির চ্যাটার্জি নুসরত জাহান পরিচালকের মুখোমুখি ব্রাত্য বসু

২০/০৩/২০২১ (শনিবার)

দুপুর ১২টা	১২টা ৩০ মিঃ	১টা ৩০ মিঃ	৪টা	৪টা ৩০ মিঃ	৫টা ৩০ মিঃ	সন্ধ্যা ৭টা ৩০ মিঃ	রাত্রি ৮টা
স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **লাঠি** (সময় ঃ ১০ মিঃ) নির্দেশনা ঃ গৌরব গাঙ্গুলী পরিচালকের মুখোমুখি	স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **ডুব সাঁতার** (সময় ঃ ৩০ মিঃ) নিদেশনা ঃ মনসিজ বন্দ্যোপাধ্যায় পরিচালকের মুখোমুখি	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **সুইজারল্যাণ্ড** (সময় ২.১৮ মিঃ) অভিনয়ে ঃ আবির চ্যাটার্জি রুক্মিণী মৈত্র নির্দেশনা ঃ সৌভিক কুণ্ডু পরিচালকের মুখোমুখি	স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **সতীন ঘর** নির্দেশনা ঃ রাজা চ্যাটার্জি পরিচালকের মুখোমুখি (সময় ২৫ মিঃ)	আলোচনা অতিমারীতে বাংলা ছায়াছবি জগতের বর্তমান পরিস্থিতি ও ভবিষ্যত সম্পর্কে আলোচনা বক্তা ঃ আবীর চ্যাটার্জি শ্যামল দত্ত, ঈশা সাহা, ফিরদৌসল হাসান	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **সহবাসে** (সময় ১.৩০ মিঃ) নির্দেশনা ঃ অঞ্জন কাঞ্জিলাল অভিনয়ে অনুভব কাঞ্জিলাল ঈশা সাহা পরিচালকের মুখোমুখি	তথ্যচিত্র **শতবর্ষে সত্যজিত রায়** পরিবেশনা বেঙ্গল অ্যাসোসিয়েশন দিল্লি	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **শ্লীলতাহানির পরে** (সময় ২.০২ মিঃ) নির্দেশনা ঃ রেশমি মিত্র পরিচালকের মুখোমুখি

২১/০৩/২০২১ (রবিবার)

১১টা	বেলা ১২টা	১২টা ৩০ মিঃ	২টা	৩টা	৪টা	সন্ধ্যা ৬টা ৩০ মিঃ	রাত্রি ৭টা ৩০ মিঃ
স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **দি এন্ড** নির্দেশনা - মানস নন্দ, রাহুল মুখার্জী পরিচালকের মুখোমুখি (সময় ঃ ১০ মিঃ)	স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **মুঝে ভি উড়নে দো** নির্দেশক ঃ আদিত্য কুমার পরিচালকের মুখোমুখি (সময় ঃ ১০ মিঃ)	আলোচনা ছায়াছবির অতীত বর্তমান ও ভবিষ্যৎ অংশগ্রহণে ঃ শ্যামল দত্ত, কল্যাণজ্যোতি চট্টোপাধ্যায়, অনুমিতা দাশগুপ্ত এবং অঞ্জন কাঞ্জিলাল	স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র **এভরি ৬৮ মিনিটস** নির্দেশনা ঃ অনিন্দিতা সর্বাধিকারী অভিনয়ে ঃ রিচা শর্মা, আদিল হোসেন, টোটা রায়চৌধুরী পরিচালকের মুখোমুখি	আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব **অজানা সত্যজিৎ** **ও সৌমিত্র** অংশগ্রহণে জহর কানুনগো, শ্যামল দত্ত সৈয়দ হাসমৎ জালাল	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **বহমান** অভিনয়ে - সৌমিত্র চ্যাটার্জি ব্রাত্য বসু, অর্পিতা চ্যাটার্জি, সোহাগ সেন। নির্দেশনা ঃ অনুমিতা দাশগুপ্ত, পরিচালকের মুখোমুখি	সমাপ্তি অনুষ্ঠান **স্মরণে সৌমিত্র** নৃত্য পরিবেশনায় চামেলী দেবনাথ **শ্রদ্ধায় সত্যজিৎ** নৃত্য পরিবেশনায় অভিরূপ সেনগুপ্ত	পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র **বরুণবাবুর বন্ধু** (সময় ঃ ২ ঘন্টা৪ মিঃ) অভিনয়ে ঃ সৌমিত্র চ্যাটার্জি মাধবী মুখার্জি, অর্পিতা চ্যাটার্জি, শ্রীলেখা মিত্র, ঋত্বিক চক্রবর্তী, বরুণ চন্দ নির্দেশকঃ অনীক দত্ত

অনিবার্যকারণ বশতঃ অনুষ্ঠানসূচীতে পরিবর্তন হতে পারে

BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আয়োজিত
চতুর্দশ
বাংলা
সিনে
উৎসব
14th BANGLA CINE UTSAV
19th, 20th & 21st MARCH, 2021
MUKTADHARA AUDITORIUM,
BHAI VEER SINGH MARG, GOLE MARKET,
NEW DELHI -110 001
শতবর্ষে সত্যজিৎ এবং সৌমিত্র স্মরণে